02 SEP 2016

সমকাল

তারিখ ... 02 ... 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# শাবি ছাত্রলীগের ৩৬ নেতাকর্মীকে নোটিশ

■ সিলেট ব্যুরো

বিরোধের জেরে মারামারিতে জড়িয়ে পড়ায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) ছাত্রলীগের ৩৬ নেতাকর্মীকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বৃহস্পতিবার তাদের এ নোটিশ দেওয়া হয়। এদের মধ্যে চারজনকে এক সেমিস্টারের জন্য বহিষ্কার, ১২ জনকে ৫শ' টাকা করে জরিমানা এবং ২০ জনকে ৫শ' টাকা করে জরিমানাসহ কেন হল থেকে বহিষ্কার করা হবে না নোটিশে তা জানতে চাওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর ■ পৃষ্ঠা ৪ : কলাম ৬

## শাবি ছাত্রলীগের ৩৬

[১৯ পৃষ্ঠার পর]

অধ্যাপক ড. রাশেদ তালুকদার এ তথ্য নিশ্চিত করেছেন। নোটিশপ্রাপ্তরা সবাই ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী বলে স্বীকার করেছেন শাবি ছাত্রলীগের সভাপতি সঞ্জীবন চক্রবর্তী।

গত ২৬, ২৭ ও ৩১ আগস্ট ক্যাম্পাসে ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও উত্তেজনার ঘটনায় এ নোটিশ দেওয়া হয়। তাদের মধ্যে বাংলা বিভাগের আজমাইন, গণিত বিভাগের রাকিব, নৃবিজ্ঞান বিভাগের তাজবির ও ব্যবসায় প্রশাসন বিভাগের লক্ষ্মণকে কেন এক সেমিস্টার বহিষ্কার করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। এ ছাড়া ৫শ' টাকা করে জরিমানাসহ নোটিশ পেয়েছেন মনোয়ার হোসেন, ফাইয়াজ, নিয়াজ, তৌকির তন্ময়, রাখশ মণ্ডল, রনি তালুকদার, সজীব, সাখাওয়াত, শাহ আলম, মাহবুব, শাওন ও কামরুল ইসলাম।

আরও ২০ নেতাকর্মীকে ৫শ' টাকা জরিমানা আদায়সহ কেন তাদের হল থেকে বহিষ্কার করা হবে না, নোটিশে তা জানতে চাওয়া হয়েছে। ছাত্রলীগ সভাপতি সঞ্জীবন চক্রবর্তী জানান, 'ভবিষ্যতে এমন ঘটনা ঘটবে না' আশ্বাসে বিষয়টি সমাধানের চেষ্টা চলছে।

**শাবি বন্ধ, হল ত্যাগের নির্দেশ** : এদিকে গতকাল বৃহস্পতিবার শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দিয়ে ১৪ দিনের জন্য শাবি বন্ধের নোটিশ দেওয়া হয়েছে। কর্তৃপক্ষ বলছে, কোনো কারণে নয়, ক্যালেন্ডার অনুযায়ী ছুটি দেওয়া হয়েছে।

কয়েক দিন ধরেই ফুটবল টুর্নামেন্টের কমিটিকে কেন্দ্র করে শাবি ছাত্রলীগের দুই গ্রুপে মারামারির ঘটনায় বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা বিরাজ করছিল। উদ্ভূত পরিস্থিতির কারণে রোববার থেকে টানা ১৪ দিনের জন্য পবিত্র ঈদুল আজহার বন্ধ ঘোষণা করে কর্তৃপক্ষ। আগামী ১৮ সেপ্টেম্বর শাবি খুলবে। গতকাল সন্ধ্যা ৬টার মধ্যে ছাত্রদের এবং আজ শুক্রবার দুপুর ১২টার মধ্যে ছাত্রীদের হলত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে বলে সমকালকে জানিয়েছেন রেজিস্ট্রার ইশফাকুল হোসেন।